

[উচ্চশিক্ষা](#)

কিউএস র‍্যাঙ্কিংয়ে সেরা ১০০০ টেকসই বিশ্ববিদ্যালয়ের তালিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়-ড্যাফোডিল

প্রথম আলো ডেস্ক

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণাপ্রতিষ্ঠান কোয়াককোয়ারেলি সায়মন্ডস (কিউএস) প্রতিবছর [বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়ের র‍্যাঙ্কিং](#) প্রকাশ করে। ২০২৪ সালেরও করেছে গতকাল মঙ্গলবার। এদিন প্রকাশ করা হয়েছে টেকসই বিশ্ববিদ্যালয়ের র‍্যাঙ্কিং। বিশ্বের ১ হাজার ৩৯৭টি টেকসই বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে কিউএস। তালিকায়

By using this site, you agree to our Privacy Policy. OK

সেরা এক হাজারের মধ্যে বাংলাদেশের আছে দুটি বিশ্ববিদ্যালয়। এক হাজারের বাইরে বাংলাদেশের আরও চারটি বিশ্ববিদ্যালয় রয়েছে।

‘কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংস : সাসটেইনেবিলিটি ২০২৪’ শীর্ষক র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশ থেকে জায়গা পেয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়। তবে পিছিয়েছে। আর পিছিয়ে পড়ে তালিকার শেষের দিকে আছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।

তালিকায় বাংলাদেশ থেকে র‍্যাঙ্কিংয়ে শীর্ষে আছে ঢাকা বিশ্ববিদ্যালয়। এরপর দ্বিতীয় স্থানে আছে বেসরকারি ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। এক হাজারের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় আছে ৬৩৭তম স্থানে, আর ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি আছে ৯০১ থেকে ৯২০-এর মধ্যে। এ ছাড়া এক হাজারের তালিকায় বাংলাদেশের আর কোনো সরকারি বা বেসরকারি বিশ্ববিদ্যালয় জায়গা পায়নি।

কিউএসের ওয়েবসাইটে বলা হয়েছে, র‍্যাঙ্কিং তৈরির ক্ষেত্রে এবার তিনটি সূচকে বিশ্ববিদ্যালয়গুলোর সামগ্রিক মান নিরূপণ করা হয়েছে। সব সূচক মিলিয়ে স্কোর ১০০। সব সূচকের যোগফলের গড়ের ভিত্তিতে স্কোর তৈরি করা হয়। তিনটি সূচকের মধ্যে পরিবেশগত প্রভাব ৪৫ শতাংশ, সামাজিক প্রভাব ৪৫ শতাংশ এবং প্রশাসনিক প্রভাব ১০ শতাংশ ধরে মান নির্ধারণ করা হয়েছে।

গত বছর প্রথমবারের মতো এই র‍্যাঙ্কিং প্রকাশ করে কিউএস। সেবার বিশ্বসেরা টেকসই ৭০০ বিশ্ববিদ্যালয়ের তালিকায় প্রকাশ করেছিল। তাতে স্থান পেয়েছিল ঢাকা বিশ্ববিদ্যালয় ও বুয়েট। সেবার এ তালিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ছিল ৫৫১-৬০০ ও বুয়েটের অবস্থান ছিল ৬০১ থেকে ওপরে। এ ছাড়া বাংলাদেশের আর কোনো সরকারি বা বেসরকারি বিশ্ববিদ্যালয় গত বছরের ‘কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংস : সাসটেইনেবিলিটি ২০২৩’ তালিকায় জায়গা পায়নি।

‘কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংস : সাসটেইনেবিলিটি ২০২৪’ এ বছরের র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের ৬টি বিশ্ববিদ্যালয় স্থান করে নিয়েছে। তালিকায় এক হাজারের বাইরে আছে চারটি বিশ্ববিদ্যালয়। এর মধ্যে বেসরকারি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ১ হাজার ১৫১ থেকে ১ হাজার ২০০-এর মধ্যে আছে। এরপর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ও বুয়েটের অবস্থান ১ হাজার ২০০ থেকে ওপরে। তবে এবার ১ হাজার ২০১-এর পরে থাকা বিশ্ববিদ্যালয়গুলোর সুনির্দিষ্ট অবস্থান প্রকাশ করা হয়নি।

বিশ্বসেরা ১০ বিশ্ববিদ্যালয় কোনগুলো

১. ইউনিভার্সিটি অব টরন্টো;
২. ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া, বার্কলে (ইউসিবি);
৩. ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার;
৪. ইউনিভার্সিটি অব ব্রিটিশ কলাম্বিয়া;

By using this site, you agree to our Privacy Policy.

৬. ইম্পেরিয়াল কলেজ লন্ডন;
৭. ইউনিভার্সিটি অব সিডনি;
৮. লুন্ড ইউনিভার্সিটি;
৯. ইউনিভার্সিটি অব মেলবোর্ন ও
১০. ওয়েস্টার্ন ইউনিভার্সিটি ও ইউনিভার্সিটি অব নিউ সাউথ ওয়েলস।

**কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংস : সাসটেইনেবিলিটি ২০২৪ -এর পুরো তালিকা দেখুন এখানে



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৩ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.